

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫৮

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো সৎ আমলে ত্রুটির জন্য নিজেকে দোষারোপ করা, যদিও তাতে তার অনেক প্রচেষ্টা থাকে

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ عَلَى الْمَرْءِ الرُّجُوعَ بِاللَّوْمِ عَلَى نَفْسِهِ فِيمَا قَصَّر فِي الطَّاعَاتِ وَإِنْ كَانَ سعيُه فيهَا كَثيرًا

## আরবী

658 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُسَيَّبِ بْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَسْرُوقِيُّ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِي الْجُعْفِيُّ عَنْ فُضَيْلِ بْنِ عِيَاضٍ عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ عَنِ ابْنِ عِيَاضٍ عَنْ هِشَامٍ بْنِ حَسَّانَ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةً قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ أَنَّ اللَّهَ يُوَّاخِذُنِي وَعِيسَى بِذُنُوبِنَا لَعَذَّبِنا وَلَا يَظْلِمُنَا شَيْئًا) قَالَ: وَأَشَارَ بِالسَّبَّابَةِ وَالَّتِي تَلِيهَا.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 658 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৬৫৮. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যদি আল্লাহ আমাকে এবং ইসা আলাইহিস সালামকে আমাদের ক্রুটির কারণে পাকড়াও করতেন, তবে অবশ্যই তিনি আমাদের শাস্তি দিতে পারতেন, তবুও তিনি আমাদের উপর মোটেও যুলম করতেন না।" রাবী বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বৃদ্ধান্ধুলি ও তর্জনী আঙ্গুল দ্বারা ইশারা করেছেন। [1]

## ফুটনোট

[1] আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/১৩২।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ:: ৩২০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন